

Class – 3

Subject – 2<sup>nd</sup> Language Bengali

Chapter – গল্প – নরহরি দাস

গল্পের নাম – নরহরি দাস

লেখকের নাম – উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

গল্পের বিষয়বস্তু:-

যেখানে মাঠের পাশে বন আছে আর বনের ধারে মস্ত পাহাড় আছে সেইখানে একটা গর্তের ভিতরে একটা ছাগলছানা থাকত। সে তখন ছোটো ছিল তাই গর্তের বাইরে যেতে পারত না। ছোটো ছাগলছানাটি গর্তের বাইরে যেতে চাইলে তার মা তাকে ভালুকে ধরবে, বাঘে নিয়ে যাবে, সিংহ খেয়ে ফেলবে বলে ভয় দেখাত। এই কথা শুনে ছোটো ছাগলছানাটি গর্তের ভিতরে বসে থাকত। তারপর সে যখন একটু বড়ো হল তার ভয় কমে গেল। তখন ছোটো ছাগলছানাটির মা গর্তের বাইরে চলে গেলেই সে গর্তের ভিতর থেকে উঁকি মেরে দেখত। শেষে একদিন ছোটো ছাগলছানাটি গর্তের বাইরে চলে এল। সেইখানে এক মস্ত ষাঁড় ঘাস খাচ্ছিল। ছোটো ছাগলছানাটি এত বড়ো জন্তু কখনো দেখেনি কিন্তু ষাঁড়টির শিং দেখেই সে মনে করল ওটাও ছাগল আর সে ভাবল নিশ্চয়ই খুব ভালো জিনিস খেয়ে এত বড়ো হয়েছে। তখন ছোটো ছাগলছানাটি ষাঁড়টির কাছে গিয়ে জানতে চাইলো সে কী খায়? ষাঁড়টি উত্তরে বলল সে ভালো ঘাস অনেক বেশি করে খায়। তারপর ছাগলছানাটি ষাঁড়টির কাছে জানতে চাইলো, সে ঘাস কোথায়? উত্তরে ষাঁড়টি বলল, ওই বনের ভিতরে। তখন ছোটো ছাগলছানাটি ষাঁড়টিকে বলল, আমাকে সেখানে নিয়ে যেতে হবে। এই কথা শুনে ষাঁড়টি তাকে বনের ভিতরে নিয়ে গেল। সেইখানে খুব ভালো ঘাস ছিল। ছোটো ছাগলছানাটি পেটে যত ঘাস ধরল সে তত ঘাস খেল। ঘাস খেয়ে ছোটো ছাগলছানাটি আর চলতে পারল না। ষাঁড়টি যখন তাকে বলল চলো বাড়ি যাই তখন সে ষাঁড়টিকে উত্তরে বলল তুমি যাও, আমি কাল যাব। এই কথা শুনে ষাঁড়টি চলে গেল। তারপর ছোটো ছাগলছানাটি একটি গর্ত দেখতে পেয়ে তার ভিতরে ঢুকে রইল। সেই গর্তটা ছিল এক শেয়ালের। শেয়ালটি তার মামা বাঘের বাড়ি নিমন্ত্রণ খেতে গিয়েছিল। শেয়ালটি অনেক রাতে ফিরে এসে দেখে তার গর্তের ভিতর কী রকম একটা জন্তু ঢুকে রয়েছে। ছোটো ছাগলছানাটি ছিল কালো রঙের। তাই শেয়ালটি অন্ধকারের ভিতর কালো ছাগলছানাটিকে দেখতে না পেয়ে ভাবল কোনো রাক্ষস-টাক্ষস হবে। এই ভেবে শেয়ালটি জানতে চাইলো, গর্তের ভিতর কে ও? ছোটো ছাগলছানাটি খুব বুদ্ধিমান ছিল। সে উত্তরে বলল – লম্বা লম্বা দাড়ি, ঘন ঘন নাড়ি। সিংহের মামা আমি নরহরি দাস, পঞ্চাশ বাঘে মোর এক এক গ্রাস। ছোটো ছাগলছানাটির মুখে এই কথা শুনে শেয়ালটি সেখান থেকে এক ছুট দিল এবং একেবারে তার মামা বাঘের কাছে গিয়ে নিঃশ্বাস ফেলল।

\*\*\*\*\*

## Work Sheet

### 1. সংক্ষিপ্ত উত্তর দাও:-

I) ছাগলছানাটি কোথায় থাকত?

Ans: -

II) ষাঁড়টিকে দেখে ছাগলছানাটি কী ভেবেছিল?

Ans: -

III) শেয়ালটি কোথায় নিমন্ত্রণ খেতে গিয়েছিল?

Ans: -

IV) ষাঁড়টি কী খাবার খেত?

Ans: -

V) শেয়ালটি অন্ধকারে ছাগলছানাকে বুঝতে না পেরে কী ভেবেছিল?

Ans: -

### 2. ফাঁকা জায়গাগুলিতে গল্প থেকে সঠিক শব্দ বসাও:-

I) যেখানে মাঠের পাশে বন আছে, আর বনের ধারে মস্ত \_\_\_\_\_ আছে, সেইখানে একটা \_\_\_\_\_ ভিতরে একটি \_\_\_\_\_ থাকত।

II) তখন তার মা বাহিরে চলে গেলেই সে \_\_\_\_\_ ভিতর থেকে \_\_\_\_\_ মেরে দেখত।

III) শেষে একদিন একেবারে \_\_\_\_\_ বাহিরে চলে এল।

IV) সিংহের \_\_\_\_\_ আমি \_\_\_\_\_ দাস।

3. নীচের বাক্যগুলি ঠিক হলে টিক  চিহ্ন দাও, ভুল হলে ক্রশ  চিহ্ন দাও:-

I) একটা গর্তের ভিতরে একটি ছাগলছানা থাকত।

II) সেইখানে এক মস্ত গোরু ঘাস খাচ্ছিল।

III) সেই গর্তটা ছিল এক সাপের।

IV) ছাগলছানাটি সাদা ছিল।

V) ছাগলছানাটি ভারি বুদ্ধিমান ছিল।

\*\*\*\*\*